তারিখ ... 12 MAY 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# ছাত্র ইউনিয়নের কর্মসূচিতে পুলিশি হামলার নিন্দা

## আজ প্রতিবাদ সমাবেশ

■ ইত্তেফাক রিপোর্ট

বর্ষবরণের উৎসবে যৌন নির্যাতনের প্রতিবাদে ছাত্র ইউনিয়নের ঘেরাও কর্মসূচিতে পুলিশি হামলার ঘটনায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে নারী সংহতি। গতকাল সোমবার এক বিবৃতিতে নারী সংহতির সভাপতি শ্যামলী শীল এবং সাধারণ সম্পাদক অপরাজিতা দেব বলেন, ২৬ দিন অতিক্রান্ত হলেও এখনও পর্যন্ত অপরাধীদের ধরপাকড়ে কোনো তোড়জোড় নেই। বরং সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ অপরাধীদের বাঁচাতে সব ধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এই ধারাবাহিকতায় রাষ্ট্রীয় পেটোয়া বাহিনী গত রবিবার ছাত্র ইউনিয়নের ঘেরাও কর্মসূচিতে নৃশংস হামলা চালায়। প্রতিবাদকারী এক নারীকে নৃশংস পুরুষতান্ত্রিক কায়দায় নির্যাতন করা হয়। এরই প্রতিবাদ ও দোষী পুলিশ কর্মকর্তাদের শাস্তির দাবিতে আজ মঙ্গলবার বিকাল ৪টায় শাহবাগ জাতীয় জাদুঘরের সামনে লেখক-শিক্ষক-শিল্পী-সংস্কৃতিকর্মী-পেশাজীবী-রাজনৈতিক কর্মীবৃন্দের উদ্যোগে সমাবেশের আয়োজন করা হয়েছে।